

ডাকসু নির্বাচন ঐতিহাসিকভাবে কালের সাক্ষী হয়ে থাকবে : চিফ রিটার্নিং অফিসার

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এবং হল

সংসদ নির্বাচন ২০২৫-কে দেশের ইতিহাসে ‘বিরল’ ও

‘ঐতিহাসিকভাবে কালের সাক্ষী হয়ে থাকবে’ বলে উল্লেখ

করেছেন চিফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. মোহাম্মদ জসীম

উদ্দিন। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) এক বিজ্ঞপ্তিতে তিনি এ মন্তব্য

করেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘২০২৫ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয়

ছাত্র সংসদ (ডাকসু) এবং হল সংসদ নির্বাচন সফল করে তোলার

জন্য সংশ্লিষ্ট সব পক্ষকে আমরা ধন্যবাদ জানাই। ৯ সেপ্টেম্বর

দিনব্যাপী ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও আনন্দঘন পরিবেশে এই

নির্বাচন অনুষ্ঠিত হয়।

দু-একটি বিচ্ছিন্ন ঘটনা, যেগুলো অভিযোগ আকারে এসেছে,

তদন্তসাপেক্ষে আমরা সেগুলোর ব্যাখ্যা দিয়েছি।’

এতে আরো বলা হয়, ‘প্রায় সবাই একবাকেয় এবারের নির্বাচনকে

অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও বিশ্বাসযোগ্য বলেছেন এবং দেশে-
বিদেশের সর্বমহলে এই নির্বাচন ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে।’

৫



আওয়ামী লীগ নেতা কামরুজ্জামান কারাগারে

সবাই স্বীকার করেছেন, এ ধরনের নির্বাচন দেশের ইতিহাসে

বিরল এবং ঐতিহাসিকভাবে কালের সাক্ষী হয়ে থাকবে।

এতে বলা হয়, ‘তবে সাম্প্রতিক সময়ে লক্ষ করা যাচ্ছে, কিছু

অনলাইন এক্টিভিস্ট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের গ্রুপ নির্বাচন

সংক্রান্ত অলীক তথ্য ছড়িয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে।

এগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে নিশ্চিতভাবে নষ্ট করছে।

আমরা এ ধরনের কাজ না করার জন্য আহ্বান করি এবং সবাইকে

যাচাই করে তথ্য গ্রহণের অনুরোধ করি।’